

শান্তিডাঙ্গায় ইসলামী বিশ্ববিদ্যালয়ঃ ছাত্ররা শহরে স্থান নিচ্ছে এ মাসেই ক্লাস শুরু

॥ সনৎ নন্দী ॥

কুষ্টিয়া : দীর্ঘ ৭ বছর পরিত্যক্ত অবস্থায় থাকার পর কুষ্টিয়া-বিনোদা জেলা সীমান্তে শান্তিডাঙ্গা দুলালপুরে ইসলামী বিশ্ববিদ্যালয়ে পুনরায় অর্ধসমাপ্ত কাজ সমাপ্ত হতে চলেছে। সরকারী সিদ্ধান্তকে স্থানীয় জনগণ তাদের প্রাণের দাবী পূরণের স্বপ্নে বিভোর।

কুষ্টিয়া জেলাসহ পার্শ্ববর্তী ৮টি জেলার বিভিন্ন স্তরের মানুষ আজ ঐক্যবদ্ধভাবে দাবী তুলেছে অবিলম্বে ইসলামী বিশ্ববিদ্যালয় যেন শান্তিডাঙ্গায় চালু করা হোক। অথচ দুঃখজনক হলেও সত্য, কিছু মহল উদ্দেশ্যমূলকভাবে সরকারী এই মহৎ পরিকল্পনা যেন বাস্তবায়িত হতে না পারে তার জন্য সক্রিয় হয়ে উঠেছে। এ জাতীয় কার্যকলাপে এলাকাবাসী ব্যাধিত এবং ক্ষুব্ধ।

গত ১৩ ডিসেম্বর ইসলামী বিশ্ববিদ্যালয়ের উচ্চ পর্যায়ের একটি পর্যবেক্ষক টীম বিভিন্ন স্থান পরিদর্শন করেছেন। তারা জানান, অবিলম্বে গাজীপুর থেকে কুষ্টিয়ায় ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর করা হবে তবে এখন শুধু সময়ের অপেক্ষায় রয়েছে।


বর্তমানে গাজীপুরস্থ ইসলামী বিশ্ববিদ্যালয় ছুটি ঘোষণা করা হয়েছে। অনেকের ধারণা এ সময়ের মধ্যে কর্তৃপক্ষ প্রয়োজনীয় কাগজপত্র, আসবাবপত্র কুষ্টিয়ায় নিয়ে আসবে। ছাত্ররাও তাদের নতুন শিক্ষাঙ্গনে আসবে। যেহেতু শান্তিডাঙ্গায় এখনও কাজ চলছে যা শেষ হতে কিছু সময় লাগতে পারে। সেজন্যে অস্থায়ীভাবে

বিশ্ববিদ্যালয়ের ক্লাস শহরে শুরু হতে যাচ্ছে।

সরকারী নির্দেশ মোতাবেক এরই মধ্যে মেডিকেল স্কুল, পিটিআই স্টেডিয়াম, সরকারী কলেজ, মোহিনী মিল হলসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানকে তাদের ভবন ব্যবহারের জন্য জানানো হয়েছে। স্থানীয় কর্তৃপক্ষ ইসলামী বিশ্ববিদ্যালয়ের জন্য তারা সবরকম সহযোগিতা করতে অস্বীকারাবদ্ধ। এছাড়াও শিক্ষক, অফিসার ও কর্মচারীদের বাসভবনের জন্য শহরে বিভিন্ন ভবন বরাদ্দ করা হয়েছে বলে জানা যায়। অপরদিকে ছাত্র-ছাত্রীদের যেন থাকার কোন অসুবিধা না হয় সেদিকে দৃষ্টি রেখে স্থানীয় জনসাধারণ

সবরকম ব্যবস্থা গ্রহণে প্রস্তুত রয়েছে। ছাত্রদের লজিং কিংবা হোস্টেলের সুব্যবস্থার জন্য এরই মধ্যে কুষ্টিয়া আলীয়া মাদ্রাসার অধ্যক্ষকে আহবায়ক করে একটি উচ্চক্ষমতাসম্পন্ন টীম গঠিত হয়েছে। এ টীম আগত ছাত্র-ছাত্রীদের থাকার এবং খাওয়ার যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

মেডিকেল স্কুলের ছাত্রাবাস এরই মধ্যে ফাঁস করা হয়েছে। যেখানে ইসলামী বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্ররা এসে উঠবে। কয়েক দিনের ব্যবধানে বেশ কয়েকজন ছাত্র এখানে এসেছে। তারা বিভিন্ন স্তরের মানুষের সাথে কথাও বলেছে। কয়েকজন ছাত্র 'খবর' প্রতিনিধির মাঝে কথা বলেছে।



ইতিমধ্যে ছাত্ররা আসতে শুরু করেছে



শান্তিডাঙ্গায় ইসলামী বিশ্ববিদ্যালয় অবিলম্বে চালুর দাবীতে সর্বস্তরের মানুষের মিছিল

তারা জানান, শান্তিডাঙ্গায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ঘুরে এসে বেশ ভাল লাগছে তাদের। ২য় বর্ষের ছাত্র রফিকুল ইসলাম জানান, কিছুদিনের মধ্যে বেশীরভাগ ছাত্র এখানে চলে আসবে। তারা প্রস্তুত রয়েছে। হয়তোবা ছুটি শেষ হবার পূর্বেই তারা এখানে আসবে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সূত্রে জানা যায়, আগামী সেশনের ক্লাস জানুয়ারী মাসেই কুষ্টিয়ায় শুরু হবে। কোনরকম বাধা সরকারের সিদ্ধান্তকে নড়চড় করতে পারবে না।

ক্লাস শুরুর মধ্য দিয়ে অত্র এলাকার লাখ-লাখ মানুষের দীর্ঘদিনের প্রাণের দাবী পূরণ হতে যাচ্ছে। এ দাবী তাদের মনের দাবী, এ দাবী অন্তরের দাবী।

শান্তিডাঙ্গায় বিশ্ববিদ্যালয়ের কাজ এরই মধ্যে গণপূর্ত বিভাগের তত্ত্বাবধানে দ্রুতগতিতে এগিয়ে চলেছে। সর্বশেষ কর্তৃপক্ষ সূত্রে জানা যায়, নির্ধারিত সময়ের পূর্বেই তারা কাজ সমাপ্ত করতে পারবে। যাতে দ্রুত সমাপ্ত হয় তার জন্যে স্থানীয় গ্রামবাসী সবরকম সহযোগিতা করছে বলে জানান।

এদিকে অবিলম্বে শান্তিডাঙ্গায় ইসলামী বিশ্ববিদ্যালয় চালু করার জন্য জেলার সর্বস্তরের মানুষ সরকারের কাছে দাবী তুলেছে। এ প্রাণের দাবীর প্রেক্ষিতে গত ৩০শে ডিসেম্বর একটি

বিশাল মিছিল শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

শিল্পকলা একাডেমী চত্বর থেকে সর্বস্তরের জনগণের উদ্যোগে মিছিলটি তখন শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করছিল তখন সাধারণ মানুষকে হাতে তালি দিয়ে তাদের অভিব্যক্তি প্রকাশ করতে দেখা যায়। মিছিল কুষ্টিয়া রেল স্টেশনে গিয়ে শেষ হয়। সেখানে জেলা পরিষদ চেয়ারম্যান আহসান হাবীব লিফট এমপি, বদরুজ্জোজা গামা এমপি বক্তব্য রাখেন।

এ ছাড়া গত ৩০শে ডিসেম্বর জেলা পরিষদ সভাকক্ষে মাসিক সভায় ৫ই জানুয়ারী কুষ্টিয়ায় শোকরানা দিবস পালনের সিদ্ধান্ত নেয়া হয়েছিল। এ উপলক্ষে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়। তারমধ্যে রয়েছে বিভিন্ন মসজিদ, মন্দির ও গীর্জায় বিশেষ মোনাজাত ও প্রার্থনা করা সকল উপজেলা, পৌরসভা, বিভিন্ন সামাজিক সংগঠন ব্যাপক কর্মসূচী গ্রহণ করে।

অপরদিকে এরই মধ্যে বিভিন্ন রাজনৈতিক, ছাত্র, সামাজিক, সাংস্কৃতিক সংগঠন পৃথক পৃথকভাবে বিবৃতির মাধ্যমে অবিলম্বে কুষ্টিয়ায় ইসলামী বিশ্ববিদ্যালয় চালুর দাবী জানিয়েছে। সেই সাথে প্রেসিডেন্ট এরশাদ অত্র এলাকার লাখ লাখ মানুষের প্রাণের দাবী মেনে নেয়ার অভিনন্দন জানিয়েছে।